



**বাংলাদেশ ব্যাংক**  
 (সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)  
**প্রধান কার্যালয়**  
 মতিঝিল, ঢাকা-১০০০  
 বাংলাদেশ।

কৃষি ঋণ বিভাগ

এসিডি সার্কুলার লেটার নং-০১

১৪ আবণ, ১৪২৭

তারিখঃ \_\_\_\_\_

২৯ জুলাই, ২০২০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী  
 বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

**পার্বত্য চট্টগ্রাম (খাগড়াছড়ি, রাঙামাটি ও বান্দরবান জেলা) এর সাধারণ কৃষক ও জুমচাষিদের ব্যাংক হিসাব  
 খোলা এবং প্রণোদনা সুবিধার আওতায় কৃষি ঋণ এবং ডাল ও মসলা ঋণ প্রদান প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে এসিডি সার্কুলার নং-০১ তারিখ ১৩.০৮.২০২০, এসিডি সার্কুলার নং-০২ তারিখ ২৭.০৮.২০২০, এসিডি সার্কুলার নং-০২ তারিখ ৩০.০৫.২০১১, বিসিডি সার্কুলার নং- ১২ তারিখ ১৮.০৮.১৯৮৪ এবং বিসিডি সার্কুলার নং- ৫৭ তারিখ ১৩.১২.১৯৮৪ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

পার্বত্য চট্টগ্রাম (খাগড়াছড়ি, রাঙামাটি ও বান্দরবান জেলা) অঞ্চলের মানুষের সার্বিক অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে উচ্চ সার্কুলারসমূহে বর্ণিত বিভিন্ন প্রণোদনা সুবিধার আওতায় সাধারণ কৃষক ও জুমচাষিদের অনুকূলে কৃষি ঋণ বিতরণ কার্যক্রম জোরদার করা একান্ত প্রয়োজন। এফ্রে, বর্ণিত এলাকায় কৃষি ঋণ বিতরণ কার্যক্রম সঠিকভাবে পরিচালনার লক্ষ্যে নিম্নোক্ত পদক্ষেপসমূহ বাস্তবায়ন করার জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হলো :

- ১) পার্বত্য চট্টগ্রামের (খাগড়াছড়ি, রাঙামাটি ও বান্দরবান জেলা) জুমচাষিদের ক্ষেত্রে বিশেষ বিবেচনায় স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ হেডম্যান কর্তৃক প্রত্যান প্রদান সাপেক্ষে সংশ্লিষ্ট ব্লকের উপসহকারী কৃষি কর্মকর্তা প্রতিশ্বাক্ষরপূর্বক সুপারিশের ভিত্তিতে জুমচাষি হিসেবে ১০ টাকায় ব্যাংক হিসাব খোলার নিমিত্ত ব্যবস্থা গ্রহণ;
- ২) বাগান সৃজনে উৎসাহীদের জন্য স্বল্প সুদে বিশেষ ঋণ প্রদানের কর্মসূচি গ্রহণ এবং জুমচাষিদের অধ্যাধিকার দিয়ে আদা, হলুদ, মরিচ, গোল মরিচ, তেজপাতা চামের জন্য ৪% সুদে কৃষি ঋণ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;
- ৩) পার্বত্য চট্টগ্রামে (খাগড়াছড়ি, রাঙামাটি, ও বান্দরবান জেলা) দখলীয় স্বত্ত্বে কৃষি জমির মালিক হিসেবে স্থানীয় হেডম্যানের প্রত্যয়ন এবং সংশ্লিষ্ট ব্লকের উপসহকারী কৃষি কর্মকর্তার প্রতিশ্বাক্ষর সাপেক্ষে প্রণোদনা সুবিধার আওতায় ৪% সুদে কৃষি ঋণ প্রদান এবং বর্গাচাষিদের ক্ষেত্রে বর্গার চুক্তিনামা স্থানীয় কার্যালয় ও হেডম্যান কর্তৃক যাচাইক্রমে কৃষি ঋণ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;
- ৪) পার্বত্য চট্টগ্রামে (খাগড়াছড়ি, রাঙামাটি ও বান্দরবান জেলা) কৃষি ঋণ বিতরণের ক্ষেত্রে আপনাদের ব্যাংক কর্তৃক বিশেষ নির্দেশনা জারির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

এ সংক্রান্ত উপরিলিখিত সার্কুলারসমূহের অন্যান্য নির্দেশাবলী অপরিবর্তিত থাকবে।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোসাম্মাং সেতারা খাতুন)  
 মহাব্যবস্থাপক (চলতি দায়িত্ব)

ফোনঃ ৯৫৩০২২৩